

স্মারক নং-৪৬.০২.০০০০.০০১.২৩.০০৪.১৭. ৮-৬৪৯

তারিখ: ০১.১২.২০২১ খ্রি।

### অফিস আদেশ

মহান বিজয় দিবস ২০২১ উদযাপন উপলক্ষে আগামী ১৫ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ বুধবার দিনব্যাপী এলজিইডি সদর দপ্তর চত্বরে বিজয় মেলা ও আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি, বিজয় মেলা ২০২১ এর শুভ উদ্বোধন করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উক্ত অনুষ্ঠানে স্থানীয় সরকার বিভাগের মাননীয় সিনিয়র সচিব জনাব হেলালুদ্দীন আহমেদ উপস্থিত থাকবেন।

২। মহান বিজয় দিবস ২০২১ উদযাপন উপলক্ষে ১৬ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ সন্ধ্যা ৬.০০ টায় এলজিইডি ভবনের মরহুম কামরুল ইসলাম সিদ্দিক মিলনায়তনে সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।

৩। এলজিইডি'র সদর দপ্তরে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণকে (প্রকল্প/পরামর্শক প্রতিষ্ঠানসহ) বর্ণিত তারিখ ও সময়ে বিজয় মেলা ও আলোচনা অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো এবং সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগের জন্য আমন্ত্রণ জানানো হলো।

(মোঃ আব্দুর রশীদ খান)  
প্রধান প্রকৌশলী  
ফোন: ৫৮১৫২৮০২  
ই-মেইল: ce@lged.gov.bd

### অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ১) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। মন্ত্রী মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
- ৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী ....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৪) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী ....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৭) প্রকল্প পরিচালক ....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৮) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা: ঢাকা।
- ৯) টিম লিডার.....।
- ১০) সহকারী প্রধান প্রকৌশলী, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সংশ্লিষ্ট সকলকে SMS এর মাধ্যমে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ১১) সিনিয়র সহকারী প্রকৌশলী ও সেকশন ইনচার্জ, এমআইএস, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১২) শেখ নজরুল ইসলাম, সহকারী প্রকৌশলী (ভবন রক্ষণাবেক্ষণ), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ১৩) জনাব.....।

তাঁর নিয়ন্ত্রণাধীন সকল কর্মকর্তা ও কর্মচারীসহ বিজয় মেলা, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।